

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫০.২০২৩. ৪২১

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে অস্ট্রেলিয়ায় অবস্থিত ATLAS BUSINESS SOLUTIONS নামক প্রতিষ্ঠানে Research Officer-পদে চাকরির জন্য মঞ্জুরকৃত ০৩ (তিন) বছর ০২ (দুই) মাস ২৯ (উনত্রিশ) দিনের লিয়েনের মেয়াদ ৩১/১২/২০২১ তারিখে শেষ হওয়া সত্ত্বেও গত ০১/০১/২০২২ হতে ১০/০১/২০২৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১০ (দশ) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন, ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা ব্যক্ত করেন এবং গত ০৯/০৮/২০২৩ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি ও সার্বিক পর্যালোচনায় তাকে অননুমোদিত অনুপস্থিতকাল-কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর অননুমোদিত অনুপস্থিতকাল ০১/০১/২০২২ হতে ১০/০১/২০২৩ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ১০ (দশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
২২/০৮/২০২৩
(সোলেমান খান)
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.৫০.২০২৩. ৪২১/৩৬

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব খায়রুন্নাহার শিরিন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৬। জনাব খায়রুন্নাহার শিরিন (১৩৪১৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২২/৮/২০২৩
(মো: শাহীনুর ইসলাম)
উপসচিব